চতুর্থ অধ্যায়

ওয়ার্ড প্রসেসিং

**Word Processing**

## পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

- কম্পিউটারে লেখালেখির কাজ করার সফটওয়্যার ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার।
- কী–বোর্ড হলো ওয়ার্ড প্রসেসরের প্রধান ইনপুট ডিভাইস।
- সফটওয়্যার উন্নয়নের কারণে এবং বিভিন্ন সফটওয়্যারের সাথে সঙ্গতিপূর্ণ হওয়ায় বিজয় সফটওয়্যারটি ব্যাপক জনপ্রিয়তা লাভ করে।
- পেস্ট শব্দের আৰরিক অর্থ হলো আঠা লাগানো। কাট বা কপি করার পরের কাজ হলো নির্বাচিত অৰর, শব্দ, বাক্য বা অংশকে নির্ধারিত স্থানে পেস্ট করা।
- যেকোনো ডকুমেন্ট সংরৰণ করলে সেটি মাই ডুকুমেন্ট ফোল্ডারে সংরৰিত হয়।
- উচ্চারণ ভিত্তিক বাংলা সফটওয়্যার অভ্র।
- কম্পিউটারকে বাংলা লিখতে সাহায্য করে বাংলা সফটওয়্যার।
- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ন্যাশনাল কী–বোর্ড নামে একটা বাংলা কী–বোর্ড লে-আউট অনুমোদন করেছে।
- বিজয় সফটওয়্যারে বাংলায় লেখালেখির জন্য Sutonny MJ ফন্ট নির্বাচন করতে হয়।
- অভ্র সফটওয়্যারে বাংলায় লেখালেখির জন্য Nikosh BAN ফন্ট নির্বাচন করতে হয়। এন্টি ইউনিকোড সফটওয়্যার, উচ্চারণভিত্তিক বাংলা টাইপিং ব্যবস্থা এবং কম মূল্যে পাওয়া যায়।

বহুনির্বাচনী প্রশ্নঃ

**১. কম্পিউটারে লেখালেখির কাজ করার সফটওয়্যার কোনটি?**

ⓚ গ্রাফিক্স সফটওয়্যার ⓚⓗ সিস্টেম সফটওয়্যার

● ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার ⓖⓗ স্প্রেডশিট সফটওয়্যার

**২. উচ্চারণভিত্তিক বাংলা সফটওয়্যার কোনটি?**

ⓚ বিজ্ঞান ⓚⓗ প্রবর্তন ⓖ লেখনী ● অভ্র

**৩. 'এন্টার' (Enter) কোন কাজে ব্যবহার করা হয়?**

ⓚ নির্বাচিত অংশ মুছে ফেলতে

● কারসরকে এক লাইন নিচে নামাতে

ⓖ কারসরের বাম দিকের অৰর মুছতে

ⓖⓗ মেনু বা ডায়লগ বক্স বাতিল করতে

**৪. কোনো কিছু কপি করতে কোথায় ক্লিক করতে হবে?**

ⓚ ●

ⓖ ⓖⓗ

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**

রানুর জন্ম আমেরিকায়। সে বাংলায় কথা বলতে পারলেও লিখতে পারে না। সে ঠিক করেছে ঈদে দাদুকে বাংলায় চমৎকার একটি কার্ড পাঠিয়ে চমকে দেবে।

**৫. রানু কার্ড বানাতে কোন সফটওয়্যারটি ব্যবহার করবে?**

ⓚ বিজয় ⓚⓗ লেখনী

ⓖ প্রশিকা ● অভ্র

**৬. রানু কার্ডটি সুন্দর ও সহজে তৈরি করতে—**

i. কিছু শব্দ কপি করতে পারে

ii. ছবি সংযুক্ত করতে পারে

iii. এডিটিং করে বানান শুদ্ধ করতে পারে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii

ⓚⓗ i ও iii

ⓖ ii ও iii

● i, ii ও iii

**পাঠ : ২৭-৩৪ : ওয়ার্ড প্রসেসিং ও বাংলা কী-বোর্ড ব্যবহার ■ পৃষ্ঠা ৩৪-৩৯**

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭. ওয়ার্ড প্রসেসর দিয়ে কোনো কিছু লিখতে গেলে প্রথমে কী প্রয়োজন?** (জ্ঞান)

● কী–বোর্ড ⓚⓗ মাউস ⓖ মনিটর ⓖⓗ স্ক্যানার

**৮. ওয়ার্ড প্রসেসরের প্রধান ইনপুট ডিভাইস কোনটি?** [ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]

● কী–বোর্ড ⓚⓗ স্ক্যানার ⓖ মাউস ⓖⓗ ওসিআর

**৯. ওয়ার্ড প্রসেসিংয়ে বাংলায় লেখালেখির জন্য আমাদের কী সম্পর্কে ধারণা থাকতে হবে?** [ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]

বাংলা সফটওয়্যার ● বাংলা কী–বোর্ড বাংলা লে–আউট বাংলা লিপি

**১০. মুনীর চৌধুরী কত সালে সর্বপ্রথম বাংলা টাইপ রাইটারের জন্য বোর্ড লে–আউট তৈরি করেন?** (জ্ঞান)

● ১৯৬৫ ⓚⓗ ১৯৬৭ ⓖ ১৯৭১ ⓖⓗ ১৯৮৫

**১১. কিসের ওপর ভিত্তি করে মুনীর চৌধুরী একটি বিজ্ঞানসম্মত কী–বোর্ডের লে–আউট তৈরি করেন?** (জ্ঞান)

ⓚ বাংলা কী–বোর্ড ⓚⓗ বাংলা সফটওয়্যার

● ইংরেজি কী–বোর্ড ⓖⓗ ইংরেজি সফটওয়্যার

**১২. মুনীর চৌধুরীকে কারা হত্যা করেছিল?** [ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]

ক মুক্তিবাহিনী খ রক্ষীবাহিনী

গ রাজাকার বাহিনী ● আল বদর বাহিনী

**১৩. কোনটি কম্পিউটারকে বাংলা লিখতে সাহায্য করবে?**[রংপুর জিলা স্কুল]

ক মাউস খ প্রসেসর গ মাদারবোর্ড ● বাংলা সফটওয়্যার

**১৪. ১৯৮৫ সালে বাংলা ফন্টসহ কোন সফটওয়্যারটি প্রবর্তিত হয়?** (জ্ঞান)

ক বিজয় ● শহিদ লিপি গ প্রশিকা শব্দ ঘ প্রবর্তনা

**১৫. কোন সফটওয়্যারটি তেমন জনপ্রিয়তা অর্জন করতে পারেনি?**(জ্ঞান)

ক বিজয় খ প্রবর্তনা গ লেখনী ● শহীদ লিপি

**১৬. বিজয় সফটওয়্যারটি ব্যাপক জনপ্রিয়তা লাভ করে কেন?**(অনুধাবন)

ক বাংলা লেখার সুযোগ সৃষ্টি হওয়ায়

খ বিভিন্ন ভাষায় লেখালেখির সুযোগ সৃষ্টি হওয়ায়

● বিভিন্ন সফটওয়্যারের সাথে সঙ্গাতিপূর্ণ হওয়ায়

ঘ বিভিন্ন কম্পিউটারের সাথে সঙ্গাতিপূর্ণ হওয়ায়

**১৭. বর্তমানে কোন কী-বোর্ড লে-আউট সবচেয়ে এগিয়ে রয়েছে?**(জ্ঞান)

ক ন্যাশনাল কী-বোর্ড লে-আউট খ প্রবর্তনা কী-বোর্ড লে-আউট

● বিজয় কী-বোর্ড লে-আউট ঘ মুনীর ইউনিকোড কী-বোর্ড লে-আউট

**১৮. ওয়ার্ড প্রসেসরে বিজয় কী-বোর্ড সচল করতে তাকে কোন কী-গুলো এক সাথে চাপতে হবে?** (প্রয়োগ)

ক Alt Ctrl A ● Ctrl Alt B

গ Shift Ctrl A ঘ Shift Ctrl B

**১৯. 'ক্ষ' অক্ষরটি লিখতে কোন বর্ণগুলো চাপতে হবে?** (জ্ঞান)

ক IgU খ NgB ● jgN ঘ qgO

**২০. বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কী নামে একটা বাংলা কী- বোর্ড লে-আউট অনুমোদন করেছে?** (জ্ঞান)

ক বিজয় কী-বোর্ড ● ন্যাশনাল কী-বোর্ড

গ বাংলা কী-বোর্ড ঘ মুনীর ইউনিকোড কী-বোর্ড

**২১. বাবলু বিজয় কী-বোর্ড ব্যবহার করে একটি ডকুমেন্ট তৈরি করল। তার কম্পিউটারে সেই ডকুমেন্টটি কোন নিয়মে সংরক্ষিত হবে?**(প্রয়োগ)

ক বাংলাদেশ নিয়মে ● আন্তর্জাতিক নিয়মে

গ কম্পিউটার কাউন্সিল নিয়মে ঘ বিজয় সফটওয়্যার নিয়মে

**২২. কত সালের পর থেকে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা বাড়তে থাকে?**(জ্ঞান)

ক ১৯৯০ খ ১৯৯৮ ● ২০০০ ঘ ২০০৪

**২৩. ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় কিসের প্রয়োজনীয়তা দেখা দেয়?** (জ্ঞান)

ক বাংলা কী-বোর্ড তৈরি খ বাংলা সফটওয়্যার তৈরি

● বাংলায় ওয়েবপেজ তৈরি ঘ বাংলা টাইপিং ব্যবস্থা

**২৪. অভ্র সফটওয়্যারটি কত সালে প্রবর্তিত হয়?** (জ্ঞান)

ক ১৯৬৫ খ ১৯৮৫ গ ২০০০ ● ২০০৭

**২৫. উচ্চারণভিত্তিক বাংলা সফটওয়্যার কোনটি?**[বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়]

● অভ্র খ লেখনী গ প্রবর্তনা ঘ শহীদ লিপি

**২৬. অভ্র সফটওয়্যারটি তরুণ সমাজের কাছে জনপ্রিয় কেন?** (অনুধাবন)

● এর উচ্চারণভিত্তিক বাংলা টাইপিং ব্যবস্থার কারণে

খ এর সহজতর বাংলা টাইপিং ব্যবস্থার কারণে

গ এর সহজতর ইংরেজি বাংলা টাইপিং ব্যবস্থার কারণে

ঘ এর মূল্য সবার ক্রয় ক্ষমতার মধ্যে থাকার কারণে

**২৭. রাতুল তার কম্পিউটারে বাংলায় লেখালেখি করতে চায়। এ জন্য ওয়ার্ড প্রসেসরে অভ্র সফটওয়্যারে তাকে কোন কী চাপতে হবে?** (প্রয়োগ)

ক F2 খ F7 গ F10 ● F12

**২৮. বিজয় সফটওয়্যারে বাংলায় লেখালেখির জন্য কোন ফন্ট নির্বাচন করতে হয়?** (জ্ঞান)

● SutonnyMJ খ NikoshBAN

গ Akaash ঘ AlbertusMT

**২৯. অভ্র সফটওয়্যারে বাংলায় লেখালেখির জন্য কোন ফন্ট নির্বাচন করতে হয়?** (জ্ঞান)

ক Akaash ● NikoshBAN

SutonnyMJ AlbertusMT

**৩০. ডকুমেন্ট সম্পাদনা বলতে কোন কাজটিকে বোঝায়?** (অনুধাবন)

ক নতুন নতুন ডকুমেন্টের তৈরি করা

● ডকুমেন্টর ভুল ভ্রান্তিগুলো ঠিক করা

গ ডকুমেন্টকে সুন্দর করে সাজানো

ঘ ডকুমেন্টকে সংরক্ষণের ব্যবস্থা করা

**৩১. কারসর একটি শব্দের শেষে আছে। রুদ্র শিফট চেপে কোন এ্যারো চাপলে শব্দটি নির্বাচিত হবে?** (উচ্চতর দক্ষতা)

ক রাইট এ্যারো ● লেফট এ্যারো গ আপ এ্যারো ঘ ডাউন এ্যারো

**৩২. কারসরের ডানদিকে কোনো অংশকে নির্বাচন করতে নিচের কোনটি সঠিক?** [মতিঝিল মডেল হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা]

ক Shift + → খ Shift + ↑ গ Shift + ↓ ● Shift + ←

**৩৩. নীতু তার তৈরি একটি ডকুমেন্টের একটা বিশেষ অংশ সম্পাদনা করার লক্ষে নির্বাচন করল। নির্বাচন করা অংশকে কাট করার জন্য তাকে কী করতে হবে?** (প্রয়োগ)

● Ctrl এবং X কী একসাথে চাপতে হবে

খ Ctrl এবং C কী একসাথে চাপতে হবে

গ Ctrl এবং V কী একসাথে চাপতে হবে

ঘ Shift কী চেপে ধরে ডান অ্যারো কি চাপতে হবে

**৩৪. পেস্ট শব্দের আক্ষরিক অর্থ কী?** [ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]

ক প্রতিস্থাপন করা খ এলোমেলো করা

● আঠা লাগানো ⓖ স্থান পরিবর্তন

**৩৫. লেখা পেস্ট করার কমান্ড কোনটি?** (অনুধাবন)

ⓚ Ctrl ও X কী একসাথে চাপতে হবে
ⓚ Ctrl ও C কী একসাথে চাপতে হবে
● Ctrl ও V কী একসাথে চাপতে হবে
ⓖ Shift ও ডান অ্যারো একসাথে চাপতে হবে

**৩৬. ডকুমেন্টের কোনো অক্ষর, শব্দ, বাক্য বা কোনো অংশকে মুছে ফেলতে কোন কমান্ড দিতে হয়?** (জ্ঞান)

● ডিলিট ⓚ পেস্ট ⓖ কপি ⓖ ফরমেট

**৩৭. Delete কী কোন কাজে ব্যবহৃত হয়?** (অনুধাবন)

ⓚ অৰর লিখতে ● অৰর মুছতে ⓖ অৰর সাজাতে ⓖ অৰর বানাতে

**৩৮. ডকুমেন্ট সাজানোর কাজকে কী বলে?** (জ্ঞান)

ⓚ ডকুমেন্ট এডিটিং ⓚ ডকুমেন্ট প্রসেসিং
ⓖ ডকুমেন্ট এলাইনমেন্ট ● ডকুমেন্ট ফরম্যাটিং

**৩৯. ডকুমেন্ট ফরমেট করা হয় কেন?** (অনুধাবন)

● সুন্দর দেখানোর জন্য ⓚ সংরৰণ করার জন্য
ⓖ অনুলিপি তৈরি করার জন্য ⓖ মেইল করার জন্য

**৪০. লেখা বোল্ড করতে কোন কী দুটি ব্যবহৃত হয়?**[ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]

ⓚ Ctrl d ● Ctrl b ⓖ Ctrl e ⓖ Ctrl i

**৪১. ডকুমেন্টের কোনো অংশ নির্বাচন করে CTRL i চাপলে কী হবে?** (অনুধাবন)

ⓚ লেখা বোল্ড হবে ● লেখা ইটালিক হবে
ⓖ লেখা আন্ডারলাইন হবে ⓖ লেখার ফন্ট পরিবর্তন হবে

**৪২. লেখা আন্ডারলাইন করতে কোন কী দুটি ব্যবহৃত হয়?**
[ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]

ⓚ Ctrl m ⓚ Ctrl e ⓖ Ctrl i ● Ctrl u

**৪৩. প্যারাগ্রাফের এলাইনমেন্ট কয় ধরনের হতে পারে?** (জ্ঞান)

ⓚ দুই ⓚ তিন ● চার ⓖ পাঁচ

**৪৪. সাধারণত প্যারাগ্রাফের এলাইনমেন্ট কোন দিকে থাকে?** (জ্ঞান)

ⓚ ডান ● বাম
ⓖ মাঝ বরাবর ⓖ এক শব্দ ডানে

**৪৫. জাস্টিফাইড এলাইন বলতে কী বোঝায়?** (অনুধাবন)

ⓚ প্যারাগ্রাফের বাম দিক সমান ⓚ প্যারাগ্রাফের ডান দিক সমান
ⓖ প্যারাগ্রাফের দুই দিক সমান ● প্যারাগ্রাফের সব দিক সমান

**৪৬. ডানদিক এলাইনমেন্ট করার জন্য কোন কি দুটি চাপতে হবে** (জ্ঞান)

ⓚ Ctrl E ⓚ Ctrl J ● Ctrl R ⓖ Ctrl L

**৪৭. দীপক তার তৈরি ডকুমেন্টের কিছু অংশ মাঝখান বরাবর সাজাতে চায়। সে কোন কী দুটি ব্যবহার করবে?** (প্রয়োগ)

ⓚ Ctrl J ● Ctrl E ⓖ Alt E ⓖ Ctrl I

**৪৮. ওয়ার্ড প্রসেসরে বাংলায় ডকুমেন্ট তৈরি করার পরবর্তী কাজ কী?**(অনুধাবন)

ⓚ তা পরিবর্তন করা ⓚ তা সম্পাদনা করা
ⓖ তা মুদ্রণ করা ● তা সংরৰণ করা

**৪৯. সাধারণভাবে কোনো লেখাকে সংরক্ষণ করলে তা কোথায় সংরক্ষিত হয়?**
[ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]

ⓚ মাই ডক ⓚ মাই ডস
● মাই ডকুমেন্ট ⓖ মাই কম্পিউটার

**৫০. ডকুমেন্ট ব্যবস্থাপনা বলতে কোনটিকে বোঝায়?** (জ্ঞান)

ⓚ ডকুমেন্ট ফরম্যাটিং ● ডকুমেন্ট সংরৰণ
ⓖ ডকুমেন্ট সাজানো ⓖ ডকুমেন্ট বিন্যাস

**৫১. ডকুমেন্ট ব্যবস্থাপনা করতে হয় কেন?** (অনুধাবন)

● প্রয়োজনে খুঁজে পেতে ⓚ সুন্দর দেখাতে
ⓖ সফটওয়্যারকে নির্দেশ দিতে | কম্পিউটারের সিস্টেম অনুসরণ করতে

**৫২. ডকুমেন্ট খুঁজে বের করার কাজকে সহজ করার জন্য আমাদের কী করণীয়?**
(উচ্চতর দৰতা)

ⓚ কাজ শেষে ডকুমেন্ট মুছে ফেলা
ⓚ ডকুমেন্টকে তারিখ অনুযায়ী সাজিয়ে রাখা
ⓖ ডকুমেন্ট তৈরির পর তা ছাপিয়ে রাখা
● কাজের ধরন অনুযায়ী ডকুমেন্টের নামকরণ করা

**৫৩. যেকোনো ডকুমেন্ট মাই ফোল্ডারে সংরক্ষণ করলে কী হয়?** (অনুধাবন)

ⓚ নির্দিষ্ট সময় শেষে মুছে যায়
ⓚ প্রয়োজনের সময় সহজে খুঁজে পাওয়া যায়
● প্রয়োজনের সময় খুঁজে পাওয়া কঠিন হয়
ⓖ প্রয়োজনের সময় দ্রবত ব্যবহার করা যায়

**৫৪. বিজয় কী-বোর্ডে যেকোনো দুটি অক্ষরকে যুক্ত করতে হলে প্রথম অক্ষরটি লিখে কী চাপতে হয়?**
[বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া; জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]

ⓚ B ⓚ U ● G ⓖ I

**৫৫. কোন লেখাকে কপি করার কমান্ড কোনটি?**[বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

ⓚ Ctrl + S ● Ctrl + C ⓖ Ctrl + X ⓖ Ctrl + V

**৫৬. লাইনের শেষে কার্সর নিতে হলে কোন কী চাপতে হবে?**
[বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

ⓚ HOME ⓚ Shift + END ⓖ Ctrl + END ● END

**৫৭. কোনো লেখার নিচে আন্ডারলাইন দিতে কোন কী ব্যবহার করতে হবে?**
[বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

ⓚ Shift + U ● Ctrl + U ⓖ Alt + U ⓖ Ctrl + V

৫৮. **যেকোনো ডকুমেন্ট নিয়ে কাজ করার সময় তা যেন হারিয়ে বা মুছে না যায় সেজন্য কী করতে হবে?** [বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

ⓚ Cut ⓚ Copy ● Save ⓖ Paste

৫৯. **সাধারণত যেকোনো ডকুমেন্ট সংরক্ষণ করলে সেটি কোন ফোল্ডারে সংরক্ষিত হয়?** [বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

● মাই ডকুমেন্ট ⓚ মাই ফোল্ডার ⓖ মাই কম্পিউটার ⓖ মাই ফাইল

৬০. **Alt + Ctrl + B একসাথে চাপ দিয়ে নিচের কোনটি তুমি সচল করতে পারবে?** [বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

ⓚ প্রশিকা কী–বোর্ড ● বিজয় কী–বোর্ড ⓖ অভ্র কী–বোর্ড ⓖ প্রবর্তনা কী–বোর্ড

৬১. **"ami banglai kotha boli" বাক্যটি উচ্চারণভিত্তিক বাংলা সফটওয়্যারে টাইপ করলে বাংলা কী লেখা হবে?**[বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

ⓚ অমি বাংলায় কথা বোলি ● আমি বাংলায় কথা বলি ⓖ আমি বাংলাই কথা বলি ⓖ আমি বাংলাই কথা বোলি

৬২. **বাংলা 'ক্ষ' অক্ষর চাপতে ব্যবহৃত হয়–**[সিলেট মডেল স্কুল অ্যান্ড কলেজ]

● jgN ⓚ jgn ⓖ jgk ⓖ jgl

৬৩. **লাইনের শুরুতে কার্সর নিতে হলে কোন কী চাপতে হবে–** [সিলেট মডেল স্কুল অ্যান্ড কলেজ]

ⓚ End ⓚ Shift ● Home ⓖ Tab

৬৪. **মাইক্রোসফট ওয়ার্ডে জাস্টিফাইড কমান্ড দিলে অ্যালাইনমেন্ট কোনদিকে হবে?** [পাবনা জিলা স্কুল, পাবনা]

ⓚ বাম দিকে ⓚ ডান দিকে ⓖ মাঝ বরাবর ● সবদিকে

৬৫. **নিচের কোনটি ব্যবহার করে ডকুমেন্ট তৈরি করা হয়?**[পাবনা জেলা স্কুল, পাবনা]

● ওয়ার্ড প্রসেসর ⓚ ওপেরা মিনি ⓖ মজিলা ফায়ারফক্স ⓖ ওয়ার্ড অ্যালাইন

৬৬. **অভ্র সফটওয়্যার চালু করতে কোন কী চাপতে হয়?**[পাবনা জেলা স্কুল, পাবনা]

ⓚ F6 ● F12 ⓖ F8 ⓖ F10

৬৭. **উচ্চারণ ভিত্তিক বাংলা সফটওয়্যার কোনটি?** [জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]

● অভ্র ⓚ বিজয় ⓖ অপ্টিমা ⓖ প্রবর্তনা

৬৮. **Ctrl + c কমান্ডটি ব্যবহৃত হয়–**[জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]

ⓚ কাট করতে ● কপি করতে ⓖ বোল্ড করতে ⓖ ইটালিক করতে

৬৯. **Ctrl + p কমান্ডটি ব্যবহৃত হয়–**[জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]

● প্রিন্ট করতে ⓚ কপি করতে ⓖ বোল্ড করতে ⓖ ইটালিক করতে

৭০. **বর্তমানে সবচেয়ে জনপ্রিয় বাংলা সফটওয়্যার কোনটি?** [জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]

ⓚ প্রশিকা ● বিজয় ⓖ প্রবর্তনা ⓖ লেখনী

৭১. **শহীদ লিপি বাংলা সফটওয়্যারটি কত সালে প্রবর্তিত হয়?** [জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]

● ১৯৮৫ ⓚ ১০৮০ ⓖ ১৯৭১ ⓖ ১৮৬৫

৭২. **বাংলা ইউনিকোড সফটওয়্যার–**[জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]

ⓚ শহীদ লিপি ● অভ্র ⓖ বিজয় ⓖ প্রশিকা

৭৩. **বিজয় সফটওয়্যারের বাংলা ফন্ট হলো–**[জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সিলেট]

ⓚ NikoshBAN ⓚ SutonnyAMJ ● SutonnyMJ ⓖ Arial

৭৪. **অভ্র কী–বোর্ডে বাংলা চালুর জন্য কোন Key চাপতে হয়?** [জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সিলেট]

ⓚ Ctrl + Alt + B ⓚ F5 ● F12 ⓖ Enter

৭৫. **বাংলা কোন সফটওয়্যারটি জনপ্রিয়তার শীর্ষে?** [জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সিলেট]

ⓚ প্রশিকা শব্দ ⓚ লেখনী ⓖ প্রবর্তন ● বিজয়

৭৬. **বাংলা টাইপ করার জন্য ওয়ার্ড প্রসেসিংকে কী করতে হবে?** (জ্ঞান)

● প্রস্তুত ⓚ সংশোধন ⓖ সম্পাদনা ⓖ সংরক্ষণ

৭৭. **ডকুমেন্ট মুদ্রণের জন্য প্রয়োজন হয়–** (জ্ঞান)

ⓚ প্রসেসর ⓚ মাউস ⓖ ফরম্যাটিং ● প্রিন্টার

৭৮. **ইংরেজি থেকে বাংলায় লেখার উচ্চারণ ভিত্তিক বর্ণান্তর Transliteration পদ্ধতি হচ্ছে–** [জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সিলেট]

● Avro phonetic ⓚ Avro Esay ⓖ National ⓖ Bijoy

৭৯. **নিচের কোনটি বাংলা Unicode ফন্ট?** [জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সিলেট]

● NikoshBAN ⓚ Sutonny AMG ⓖ Sutonny MJ ⓖ Arial

৮০. **All Select করতে কোন কমান্ড দিতে হয়?** [জালালাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড হাই স্কুল, সিলেট]

ⓚ Ctrl + S ● Ctrl + A ⓖ Ctrl + X ⓖ Alt + Z

৮১. **নিচের কোনটি ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার?** (জ্ঞান)

● মাইক্রোসফট ওয়ার্ড ⓚ এডবি ফটোশপ ⓖ মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট ⓖ মজিলা ফায়ারফক্স

**৮২. নিচের কোনটি ওয়াড প্রসেসিং সফটওয়্যার নয়?** (জ্ঞান)

● ওপেন অফিস রাইটার ⓚ ওয়ার্ড পারফেক্ট

ⓖ মাইক্রোসফট ওয়ার্ড ⓘ অপেরা মিনি

**৮৩. ডকুমেন্টের শুরুতে কার্সর নিতে তুমি কোন কী ব্যবহার করবে?** (প্রয়োগ)

ⓚ Ctrl + [ ● Ctrl + Home ⓖ Ctrl + U ⓘ HOME

**৮৪. ডকুমেন্টের শেষে কার্সর নিতে তুমি কী-বোর্ডের কোন কী চাপবে?** (প্রয়োগ)

ⓚ Ctrl + END ● END ⓖ Ctrl + B ⓘ Ctrl + E

**৮৫. ডকুমেন্টের কোনো অক্ষর বড় করতে প্রথমে নির্বাচন করে কী-বোর্ড থেকে কোন কী চাপতে হবে?** (প্রয়োগ)

● Ctrl + ] ⓚ Ctrl + [ ⓖ Ctrl + B ⓘ Ctrl + HOME

**৮৬. ডকুমেন্ট সংরক্ষণের সময় কিসের ভিত্তিতে নামকরণ করা হয়?** (জ্ঞান)

● কাজের ধরন ⓚ আয়তন

ⓖ ডকুমেন্ট ভিত্তিতে ⓘ ইচ্ছামাফিক

**৮৭. মাইক্রোসফট ওয়ার্ডের কোন কমান্ড দিয়ে পুরো ডকুমেন্টের বানান সহজে সংশোধন করা হয়?** (জ্ঞান)

● ফাইন্ড ও রিপেরস ⓚ কাট ও কপি

ⓖ কপি ও পেস্ট ⓘ পেস্ট ও কাট

**৮৮. ওয়ার্ড প্রসেসিংয়ের প্যারাগ্রাফের উদ্দেশ্যে কী?** (অনুধাবন)

ⓚ ফন্ট কী-তে চাপ দিয়ে লাইন শুরব করা

● এন্টার কী-তে চাপ দিয়ে লাইন শুরব করা

ⓖ এন্টার কী-তে চাপ দিয়ে লাইন শেষ করা

ⓘ ফন্ট কী-তে চাপ দিয়ে লাইন শেষ করা

**৮৯. ডকুমেন্টের লেখার বোল্ড, ইটালিক, আন্ডারলাইন সেট করতে কোনটির প্রয়োজনীয়তা অধিক?** (প্রয়োগ)

ⓚ ডেস্কটপ পাবলিশিং ● প্যারাগ্রাফ ফরম্যাটিং

ⓖ কম্পিউটার ফরম্যাটিং ⓘ শর্টকাট ফরম্যাটিং

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯০. কম্পিউটারে বাংলায় লেখালেখি করার জন্য প্রয়োজন–** (অনুধাবন)

i. বাংলা কম্পিউটার ii. বাংলা সফটওয়্যার

iii. বাংলা কী-বোর্ড সম্পর্কে ধারণা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

**৯১. নব্বই দশকের শেষের দিকে যেসব বাংলা সফটওয়্যার প্রথম সারিতে ছিল সেগুলো হলো–** (অনুধাবন)

i. প্রবর্তনা ii. লেখনী

iii. বিজয়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৯২. সবুজ ওয়ার্ড প্রসেসরে বাংলায় লেখালেখি করতে চায়। এ কাজে সে যে সফটওয়্যারগুলো ব্যবহার করতে পারবে–** (প্রয়োগ)

i. বিজয় ii. প্রবর্তনা

iii. প্রশিকা শব্দ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

**৯৩. বিজয় সফটওয়্যারের জনপ্রিয়তার কারণ –** (অনুধাবন)

i. সফটওয়্যার উন্নয়ন

ii. বিভিন্ন সফটওয়্যারের সাথে সঙ্গাতিপূর্ণ

iii. উচ্চারণভিত্তিক বাংলা টাইপিং ব্যবস্থা

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**৯৪. ওয়ার্ড প্রসেসর বিজয় কী-বোর্ড সচল করতে যে কী-গুলো একত্রে চাপতে হয়–** (অনুধাবন)

i. Alt ii. Ctrl

iii. B

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৯৫. বাংলায় লেখালেখি করার সময় মিরনকে প্রায়ই যুক্তবর্ণ লিখতে হয়। যুক্ত অক্ষর লেখার ক্ষেত্রে তাকে যখন যে বর্ণগুলো চাপতে হবে–** (প্রয়োগ)

i. ঙ্ক লিখতে NgB ii. জ্ঞ লিখতে IgU

iii. ঞ্চ লিখতে IgY

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৯৬. ইন্টারনেটে ব্যবহারকারীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় প্রয়োজনীয়তা দেখা দেয়–** (অনুধাবন)

i. বাংলায় ওয়েবপেজ তৈরি

ii. ইন্টারনেটে বাংলা লেখার সুবিধাযুক্ত সফটওয়্যার

iii. উচ্চারণভিত্তিক টাইপিং ব্যবস্থাযুক্ত সফটওয়্যার

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**৯৭. অভ্র সফটওয়্যারের বিশেষ বৈশিষ্ট্য হলো–** (অনুধাবন)

i. এটি ইউনিকোড সফটওয়্যার

ii. এটির ফোনেটিক বাংলা টাইপিং ব্যবস্থা আছে

iii. এটি কম মূল্যে পাওয়া যায়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৯৮. বাংলায় লেখালেখির ক্ষেত্রে অভ্র সফটওয়্যারটি ব্যবহারের সুবিধা হলো–** (অনুধাবন)

i. এখানে উচ্চারণভিত্তিক বাংলা টাইপিং ব্যবস্থা রয়েছে

ii. এখানে মাউস দিয়ে বাংলা লেখার সুবিধা রয়েছে

iii. এখানে কী-বোর্ড দিয়ে বাংলা লেখার সুবিধা রয়েছে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

**৯৯. কয়েকটি বাংলা ফন্ট হলো –** [পাবনা জিলা স্কুল]

i. SutonnyMJ ii. NikoshBAN
iii. Vrinda

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১০০. শিখা ওয়ার্ড প্রসেসরে বাংলায় একটি ডকুমেন্ট তৈরি করতে চায়। এক্ষেত্রে সে নিচের যে ফন্টগুলো ব্যবহার করতে পারবে–** (প্রয়োগ)

i. Arial ii. SutonnyMJ
iii. NikoshBAN

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii ● ii ও iii ⓖh i, ii ও iii

**১০১. ডকুমেন্ট সম্পাদনায় যে কাজগুলো করা হয়–** (অনুধাবন)

i. কাট ii. কপি
iii. সেভ

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚh ii ও iii ⓖ i ও iii ⓖh i, ii ও iii

**১০২. রিফাত একটি অনুচ্ছেদ নির্বাচন করতে চায়। এজন্য তাকে ব্যবহার করতে হবে–** (প্রয়োগ)

i. শিফট কী ii. এ্যারো কী
iii. মাউস

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১০৩. রাখি কাট করে কোনো ডকুমেন্টের যে জিনিসগুলো এক জায়গা থেকে অন্য জায়গায় সরাতে পারবে–** (প্রয়োগ)

i. অৰর ii. শব্দ
iii. বাক্য

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

**১০৪. ডকুমেন্টের কোনো অক্ষর মুছে ফেলতে –** (অনুধাবন)

i. প্রথমে নির্বাচন করতে হয় ii. End কী চাপতে হয়
iii. Del বা Backspace কী চাপতে হয়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১০৫. ডকুমেন্টের যেকোনো নির্বাচিত অংশকে মুছে ফেলা যাবে–** (অনুধাবন)

i. Del কী চেপে ii. Delete কী চেপে
iii. Backspace কী চেপে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

**১০৬. অর্নব এ্যারো কী ব্যবহার করে একটি বাক্য নির্বাচন করতে চায়। সে কারসরকে নিতে পারে –** (উচ্চতর দৰতা)

i. বাক্যের শুরবতে ii. বাক্যের শেষে
iii. বাক্যের মাঝে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১০৭. ঝুমু যে কী-গুলো ব্যবহার করে কারসরকে সরাতে পারে তা হলো –**(প্রয়োগ)

i. এ্যারো কী ii. শিফট কী
iii. মাউস

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১০৮. কী–বোর্ডের সাহায্যে ডকুমেন্টের বিভিন্ন জায়গায় কারসরকে সরানোর সঠিক নিয়ম হলো–** (অনুধাবন)

i. কারসরকে লাইনের শুরবতে নিতে HOME
ii. কারসরকে লাইনের শেষে নিতে CTRL END
iii. কারসরকে ডকুমেন্টের শেষে নিতে CTRL END

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১০৯. ডকুমেন্ট ফরম্যাটিংয়ের অন্তর্ভুক্ত হলো–** (অনুধাবন)

i. লেখার আকার ছোট বা বড় করা
ii. লেখাকে বোল্ড, ইটালিক বা আন্ডারলাইন করা
iii. তৈরি ডকুমেন্টকে যথাযথভাবে সংরৰণ করা

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚh ii ও iii ⓖ i ও iii ⓖh i, ii ও iii

**১১০. ডকুমেন্ট ফরম্যাটিং–এর ফলে –** (অনুধাবন)

i. ডকুমেন্টের সাইজ ও মার্জিন ঠিক হয়
ii. ডকুমেন্ট দেখতে সুন্দর হয়
iii. ডকুমেন্টটি সেভ হয়

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১১১. মারুফ তার ডকুমেন্টের ফরম্যাটিং করার জন্য যা করতে পারে–**

i. লেখার সাইজ পরিবর্তন করা ii. এলাইনমেন্ট করা
iii. লেখার রং পরিবর্তন করা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১১২. প্যারাগ্রাফ এলাইন করা যায়–** (অনুধাবন)

i. বাম দিক থেকে ii. ডান দিক থেকে
iii. মাঝ বরাবর থেকে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

**১১৩. কী–বোর্ড শর্টকার্ট এলাইন করার নিয়ম হলো–** (অনুধাবন)

i. বাম দিকে এলাইন Ctrl L ii. মাঝখানে এলাইন Ctrl J
iii. ডানদিকে এলাইন Ctrl R
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১১৪. ডকুমেন্ট মুদ্রণে প্রয়োজন –** (অনুধাবন)
i. উপযুক্ত সাইজের কাগজ ii. প্রিন্টের জন্য দরকারি সফটওয়্যার
iii. কম্পিউটারের সাথে যথাযথভাবে সংযুক্ত একটি প্রিন্টার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ● i, ii ও iii

**১১৫. প্রিন্ট ডায়লগ বক্স ওপেন করা যায় –** (অনুধাবন)
i. মাউস দ্বারা প্রিন্ট আইকনে ক্লিক করে
ii. Ctrl ও p কী দুটি চেপে
iii. Ctrl ও c একত্রে চেপে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১১৬. ওয়ার্ড প্রসেসরে ডকুমেন্ট তৈরি করার পর তাকে এমনভাবে সংরক্ষণ করতে হবে–** (অনুধাবন)
i. যাতে এটি হারিয়ে না যায়
ii. যাতে ভবিষ্যতে প্রয়োজনের সময় খুঁজে পাওয়া যায়
iii. যাতে এটি মেমোরির কম অংশ দখল করতে পারে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১১৭. ডকুমেন্ট সংরক্ষণের ক্ষেত্রে –** (অনুধাবন)
i. একটি নতুন ফোল্ডার খুলতে হবে
ii. মাই ডকুমেন্ট ফোল্ডারেই সংরক্ষণ রাখতে হবে
iii. কাজের ধরন অনুযায়ী ডকুমেন্টের নামকরণ করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১১৮. মাই ডকুমেন্ট ফোল্ডারে সংরক্ষিত যেকোনো ডকুমেন্ট–** (অনুধাবন)
i. তারিখ অনুযায়ী লিপিবদ্ধ থাকে
ii. অনেক কাজের সাথে মিশে থাকে
iii. প্রয়োজনের সময় খুঁজে পাওয়া কঠিন হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**১১৯. সাধারণত তৈরিকৃত ফোল্ডারের নাম দেয়া যেতে পারে–** (অনুধাবন)
i. নিজের নাম ii. তারিখ
iii. প্রতিষ্ঠানের নাম
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১২০. ডকুমেন্টকে যথাযথভাবে সংরক্ষণে আমাদের যা করণীয়–** (উচ্চতর দক্ষতা)
i. মাই ডকুমেন্ট ফোল্ডারে নতুন ফোল্ডার খোলা
ii. নিজের মতো করে কাজের ধরন অনুযায়ী ডকুমেন্টের নামকরণ করা
iii. নির্দিষ্ট ডায়লগ বক্স ব্যবহার করে ডকুমেন্ট সংরক্ষণ করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ● i, ii ও iii

**১২১. নিচের কোনটি বাংলা সফটওয়্যার?** [বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]
i. বিজয় ii. প্রবর্তনা
iii. নিকোশব্যান
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১২২. ডকুমেন্ট ফরম্যাটিং কী?** [বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]
i. ডকুমেন্ট সম্পাদনা করা ii. ডকুমেন্ট সাজানো
iii. ডকুমেন্ট মুছে ফেলা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১২৩. বাংলা সফটওয়্যার হলো–** [সিলেট মডেল স্কুল অ্যান্ড কলেজ]
i. বিজয় ii. প্রশিকা শব্দ
iii. প্রবর্তনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ● i, ii ও iii

**১২৪. কয়েকটি বাংলা ফন্ট হলো–** [পাবনা জিলা স্কুল]
i. Sutonny mJ ii. Nikosh BAN
iii. Vrinda
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১২৫. প্যারাগ্রাফের অ্যালাইনমেন্ট করা যায়–** (প্রয়োগ)
i. বাম দিক থেকে ii. ডান দিক থেকে
iii. সব দিকে সমান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ● i, ii ও iii

**১২৬. ডকুমেন্ট ফরম্যাটিংয়ের ফলে–** (অনুধাবন)
i. ডকুমেন্টের সাইজ ও মার্জিন ঠিক হয়
ii. ডকুমেন্ট দেখতে সুন্দর হয়
iii. ডকুমেন্টটি সেভ হয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১২৭. ডকুমেন্ট ফরম্যাটিংয়ের কাজ হলো–** (প্রয়োগ)
i. লাইনের ব্যবধান নির্ধারণ ii. বুলেট ও নাম্বার
iii. লেখার রং পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১২৮ ও ১২৯ নং প্রশ্নের উত্তর দাও :**

মোহন তার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বই পড়ে জেনেছে যে আশির দশকের মাঝামাঝি থেকে শুরব করে নব্বই দশকের শেষের দিক পর্যন্ত অনেকগুলো বাংলা লেখার সফটওয়্যার বাজারে আসে। যার মধ্যে বিজয়, প্রশিকা শব্দ, প্রবর্তনা, লেখনী প্রভৃতি প্রথম সারিতে ছিল। অবশ্য তার শিৰক তাকে বিজয় সফটওয়্যার ব্যবহার করতে বলেছেন।

**১২৮. মোহন যে সফটওয়্যারগুলোর নাম জানতে পেরেছে তাদের মধ্যে কোনটি বেশি জনপ্রিয়?** (প্রয়োগ)

ⓚ লেখনী ⓛ প্রবর্তনা ⓖ প্রশিকা শব্দ ● বিজয়

**১২৯. শিক্ষক মোহনকে যে সফটওয়্যারটি ব্যবহার করতে বলেছেন তা–**(উচ্চতর দৰতা)

i. কম দামি ii. উন্নয়ন করা হয়েছে
iii. বিভিন্ন সফটওয়্যারের সাথে সঙ্গতিপূর্ণ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩০ ও ১৩১নং প্রশ্নের উত্তর দাও :**

কম্পিউটার ক্লাসে জহির স্যার বিজয়, প্রশিকা শব্দ, প্রবর্তনা, লেখনী প্রভৃতি বাংলা সফটওয়্যারের নাম বললেন। তারপর ছাত্রছাত্রীদের বিজয় সফটওয়্যার ব্যবহার করার পরামর্শ দিলেন।

**১৩০. ওয়ার্ড প্রসেসরে বিজয় সফটওয়্যার চালু করতে ছাত্রছাত্রীরা কোন কোন কী চাপবে?** (প্রয়োগ)

ⓚ Ctrl Shift V ● Alt Ctrl B
ⓖ Shift Alt B ⓘ Tab Ctrl V

**১৩১. ছাত্রছাত্রীদের উক্ত সফটওয়্যার ব্যবহার করার পরামর্শ দেওয়ার পেছনে যেসব কারণ থাকতে পারে–** (উচ্চতর দৰতা)

i. এই সফটওয়্যারটিতে উন্নয়ন দ্রবত হচ্ছে
ii. এই সফটওয়্যারটিতে উচ্চারণভিত্তিক টাইপিং ব্যবস্থা আছে
iii. এই সফটওয়্যারটি বিভিন্ন সফটওয়্যারের সাথে সঙ্গতিপূর্ণ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩২ ও ১৩৩ নং প্রশ্নের উত্তর দাও :**

মিনাৰি তার বড় ভাইয়ের কাছ থেকে ওয়ার্ড প্রসেসরে বাংলায় ডকুমেন্ট তৈরি করার নিয়ম শিখতে চায়। তার ভাই তাকে বাংলায় লেখালেখি করার নিয়ম শিখিয়ে– 'আমার নাম মিনাৰি'– এই লাইনটি টাইপ করতে বলে।

**১৩২. বাংলায় ডকুমেন্ট তৈরির ক্ষেত্রে মিনাক্ষি যে সফটওয়্যারগুলো ব্যবহার করতে পারবে–** (প্রয়োগ)

i. লেখনী ii. প্রবর্তনা iii. নরটন

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**১৩৩. যুক্ত বর্ণটি টাইপ করার জন্য মিনাক্ষিকে যে বর্ণগুলো পরপর চাপতে হবে তা হলো–** (উচ্চতর দৰতা)

ⓚ IgY ⓛ ugI ● jgN ⓘ NgB

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩৪ ও ১৩৫ নং প্রশ্নের উত্তর দাও :**

লিখন তার বন্ধু শামীমের বাসায় গিয়ে দেখল সে বাংলায় একটি ডকুমেন্ট তৈরি করছে। সে শামীমকে জিজ্ঞেস করল– "তুই বাংলা টাইপ শিখেছিস?" শামীম বলল না, সফটওয়্যার ডাউনলোড করে নিয়েছি।"

**১৩৪. শামীম তার কম্পিউটারে কোন সফটওয়্যারটি ডাউনলোড করেছে?**(প্রয়োগ)

ⓚ বিজয় ⓛ লেখনী ⓖ প্রশিকা ● অভ্র

**১৩৫. উক্ত সফটওয়্যারের সুবিধা হলো–** (অনুধাবন)

i. উচ্চারণভিত্তিক বাংলা টাইপ করা যায়
ii. মাউস দিয়ে বাংলা টাইপ করা যায়
iii. বিভিন্ন সফটওয়্যারের সঙ্গে সঙ্গতিপূর্ণ

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓛ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩৬ ও ১৩৭ নং প্রশ্নের উত্তর দাও :**

বিদ্যালয়ের হোমওয়ার্ক হিসেবে সেতু 'বাংলাদেশের নদনদী' এই বিষয়ে একটি রচনা লিখে কম্পিউটারে টাইপ করল। রচনাটি প্রিন্ট নেওয়ার পর দেখতে পেল সেখানে বেশ কিছু ভুলত্রবটি রয়েছে।

**১৩৬. সেতু এখন কী করবে?** (প্রয়োগ)

ⓚ ডকুমেন্ট তৈরি ⓛ ডকুমেন্ট ফরম্যাট
● ডকুমেন্ট সম্পাদনা ⓘ ডকুমেন্ট ব্যবস্থাপনা

**১৩৭. উক্ত কাজের অন্তর্ভুক্ত হলো–** (অনুধাবন)

i. কাট ii. পেস্ট
iii. ডিলিট

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i, ii ⓛ ii, iii ⓖ i, iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩৮ ও ১৩৯ নং প্রশ্নের উত্তর দাও :**

মিরন তার স্কুলের জন্য বাংলায় টাইপ করে একটি এসাইনমেন্ট তৈরি করল। তারপর এসাইনমেন্টটি প্রিন্ট করে তার বড় ভাইকে দেখিয়ে জিজ্ঞেস করল কেমন হয়েছে। বড় ভাই জানালো ভালো হয়েছে তবে একটু সাজালে আরো সুন্দর লাগবে।

**১৩৮. মিরন তার ডকুমেন্টটি কীভাবে সাজাতে পারে?** (প্রয়োগ)

ⓚ ইটালিক ফন্টে ⓛ বাম এলাইনমেন্টে
ⓖ একটি বিশেষ নিয়মে ● প্রয়োজন অনুসারে অনেকভাবে

**১৩৯. কাজটি করতে মিরন ব্যবহার করবে–** (প্রয়োগ)

i. লেখ বোল্ড করতে Ctrl b
ii. লেখা কপি করতে Ctrl c
iii. লেখা ইটালিক করতে Ctrl i

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪০ ও ১৪১ নং প্রশ্নের উত্তর দাও :**

জাবেদ তার কম্পিউটারে বসে একটি রচনা বাংলায় টাইপ করছিল। এমন সময় রবিন এসে বলল– "আমার টাইপ করা হয়ে গেছে। তুই চাইলে আমার পেনড্রাইভ থেকে কপি করে নিতে পারিস।"

**১৪০. জাবেদকে কপি করার জন্য কোন কোন কী ব্যবহার করতে হবে?**(প্রয়োগ)

ⓚ Shift → ⓚ Ctrl x ● Ctrl c ⓖ Ctrl v

**১৪১. জাবেদ যদি রবিনের টাইপ করে আনা রচনাটি নিজের কম্পিউটারে সেভ করতে চায় তাহলে তার যা করণীয় –** (উচ্চতর দক্ষতা)

i. মাই ডকুমেন্ট ফোল্ডারে নতুন ফোল্ডার খোলা
ii. প্রাথমিক ফোল্ডারটির নতুন নামকরণ করা
iii. নির্দিষ্ট ডায়লগ বক্স ব্যবহার করে ফোল্ডারটি সংরক্ষণ করা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪২ ও ১৪৩ নং প্রশ্নের উত্তর দাও :**

অরুণ ইংলিশে কম্পোজের কাজ করছিল। কিন্তু ডকুমেন্টের মাঝে বাংলা লেখায় একটি যুক্তবর্ণ 'ঙ্গু' ছিল।

**১৪২. যুক্তবর্ণটি কম্পাজ অরুণকে পর পর কোন Key গুলো চাপতে হবে?** (প্রয়োগ)

ⓚ IgY ● Igu ⓖ Ugl ⓖ jgN

**১৪৩. ভাষা পরিবর্তনের সময় অরুণ কীভাবে কম্পোজ অব্যাহত রাখতে পারবে?**

i. কী–বোর্ড পরিবর্তন করে ii. Alt + Ctrl + B চেপে
iii. Ctrl + B চেপে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪৪ – ১৪৬ নং প্রশ্নের উত্তর দাও :**

শীতল কম্পিউটারে একটি বায়োডাটা নামে ডকুমেন্ট তৈরি করে। সে ডকুমেন্টটিকে বিভিন্ন পরিবর্তন করে সুন্দর করে তোলে।

**১৪৪. নিচের কোনটি ব্যবহার করে ডকুমেন্ট তৈরি করা হয়?** (অনুধাবন)

● ওয়ার্ড প্রসেসর ⓚ অপেরা মিনি
ⓖ মজিলা ফায়ারফক্স ⓖ ওয়ার্ড অ্যালাইন

**১৪৫. নিচের কোন কাজটির মাধ্যমে শীতল ডকুমেন্টকে সুন্দর করে তোলে?** (প্রয়োগ)

ⓚ ডকুমেন্ট অ্যালাইন ● ডকুমেন্ট ফরম্যাটিং
ⓖ ডকুমেন্ট প্যারাগ্রাফ ⓖ ডকুমেন্ট লে–আউট

**১৪৬. শীতল ডকুমেন্টটি সম্পাদনা করতে যে কাজ করল তা হলো–**(প্রয়োগ)

i. নির্বাচন করা, ডিলিট করা
ii. কিছু অক্ষর ছোট–বড় করা
iii. কিছু অক্ষর বোল্ড, ইটালিক ও আন্ডারলাইন করা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪৭ ও ১৪৮ নং প্রশ্নের উত্তর দাও :**

রানুর জন্ম আমেরিকায়। সে বাংলায় কথা বলতে পারলেও লিখতে পারে না। সে ঠিক করেছে, ঈদে দাদুকে বাংলায় চমৎকার একটি কার্ড পাঠিয়ে চমকে দেবে।

[বিয়াম মডেল স্কুল ও কলেজ, বগুড়া]

**১৪৭. রানু কার্ড বানাতে কোন সফটওয়্যারটি ব্যবহার করবে?** (প্রয়োগ)

ⓚ বিজয় ⓚ লেখনী ⓖ প্রশিকা ● অভ্র

**১৪৮. রানু কার্ড বানাতে কোন সফটওয়্যারটি ব্যবহার করবে?** (প্রয়োগ)

i. কিছু শব্দ কপি করতে পারে
ii. ছবি সংযুক্ত করতে পারে
iii. এডিটিং করে বানান শুদ্ধ করতে পারে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪৯ ও ১৫০ নং প্রশ্নের উত্তর দাও :**

অলক কম্পিউটারে বাংলা শেখার জন্য অভ্র সফটওয়্যার ইনস্টল করল এবং সে খুব দ্রুত বাংলার টাইপ করতে পারল।

**১৪৯. অলকের ব্যবহৃত সফটওয়্যারটি চালু করতে কী চাপতে হবে?** (প্রয়োগ)

ⓚ F1 ⓚ F2 ● F12 ⓖ F11

**১৫০. অলকের ব্যবহৃত সফটওয়্যারটির নির্বাচিত ফন্ট হচ্ছে–** (অনুধাবন)

i. Nikosh MJ
ii. Sutonny MJ
iii. Nikosh BAN

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓚ ii ● iii ⓖ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৫১ – ১৫৩ নং প্রশ্নের উত্তর দাও :**

সুমনা বাসায় কম্পিউটার ফেসবুক ব্যবহার করে; কিন্তু সে কম্পিউটারে বাংলা লিখতে পারে না। সে জন্য ফেসবুকে বাংলা লেখার জন্য একটি সফটওয়্যার ইনস্টল করে।

**১৫১. সুমনা বাংলা লেখার জন্য নিচের কোন সফটওয়্যার ব্যবহার করে?**(প্রয়োগ)

ⓚ বিজয় ● অভ্র
ⓖ প্রশিকা ⓖ লেখনী

**১৫২. এটি কোন ধরনের সফটওয়্যার–** (অনুধাবন)

ⓚ লেখনী ভিত্তিক ⓚ প্রশিকা ভিত্তিক
● উচ্চারণ ভিত্তিক ⓖ গাণিতিক ভিত্তিক

**১৫৩. এ ধরনের সফটওয়্যারের সুবিধা হলো–** (উচ্চতর দক্ষতা)

i. যারা বাংলা লেখায় ভীতু তারা বাংলা লিখতে পারে
ii. এই সফটওয়্যারে বাংলা লেখা থাকে লিখতে হয় না
iii. তরুণ সমাজের কাছে এটি বেশ জনপ্রিয়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ ii ও iii ● i ও iii ⓖ i, ii ও iii

## অতিরিক্ত সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ কী–বোর্ড কী? বাংলা কী–বোর্ডের উৎপত্তি সম্পর্কে লেখ।**

**উত্তর :** কী–বোর্ড হলো কম্পিউটারের ইনপুট যন্ত্র। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অধিকাংশ যন্ত্রে কী–বোর্ডের মাধ্যমে ইনপুট দেওয়া হয়। এ সকল যন্ত্রকে দিয়ে কোনো কাজ করাতে চাইলে যন্ত্রগুলোকে কিছু নির্দেশ দিতে হয়।

**বাংলা কা–বোর্ড উৎপত্তির ইতিহাস :** ওয়ার্ড প্রসেসিংয়ে বাংলায় লেখালেখি করতে বাংলা কী–বোর্ড সম্পর্কে ধারণা থাকা প্রয়োজন। ইংরেজি কী–বোর্ডের ওপর ভিত্তি করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক শহিদ বুদ্ধিজীবী মুনীর চৌধুরী ১৯৬৫ সালে সর্বপ্রথম বাংলা টাইপ রাইটারের জন্য একটি বিজ্ঞানসম্মত কী–বোর্ড লে–আউট তৈরি করেন। পরবর্তী সময়ে এ কী–বোর্ড লে–আউটই কম্পিউটারের জন্য করা হয়। কিন্তু প্রয়োজন হয় এমন একটি সফটওয়্যারের যা কম্পিউটারে বাংলা লিখতে সহায়তা করবে। এ পর্যায়ে ১৯৮৫ সালে কিছু বাংলা ফন্টসহ শহিদ লিপি সফটওয়্যারটি প্রবর্তিত হয়। কিন্তু এটি তেমন একটা জনপ্রিয়তা অর্জন করতে পারেনি। আশির দশকের মাঝামাঝি থেকে শুরব করে নব্বই দশকের শেষের দিক পর্যন্ত অনেকগুলো বাংলা লেখার সফটওয়্যার বাজারে আসে। যার মধ্যে বিজয়, প্রশিকা শব্দ, প্রবর্তনা, লেখনী প্রভৃতি প্রথম সারিতে ছিল। সফটওয়্যার উন্নয়নের কারণে এবং বিভিন্ন সফটওয়্যারের সাথে সঙ্গাতিপূর্ণ হওয়ায় বিজয় সফটওয়্যারটি ব্যাপক জনপ্রিয়তা লাভ করে। এ সময় বিভিন্ন কী–বোর্ড লে–আউট প্রচলিত হলেও বিজয় কী–বোর্ড লে–আউট সবচেয়ে এগিয়ে থাকে।

**প্রশ্ন ॥ ২ ॥ অভ্র সফটওয়্যার তরুণ সমাজের কাছে অধিক জনপ্রিয় কেন?**

**উত্তর :** তরবণরা সাধারণত বহুল পরিমাণে ইন্টারনেট ব্যবহার করে। অভ্র সফটওয়্যার ব্যবহার করে ইংরেজি টাইপিংয়ের মাধ্যমে খুব সহজে বাংলা লেখা যায়। অভ্র সফটওয়্যার ব্যবহারের ৰেত্রে ব্যবহারকারী ইংরেজি টাইপিং জানলেই চলে। এছাড়া অভ্র সফটওয়্যারে মাউস ব্যবহার করে লেখালেখি করার সুযোগ আছে। এসব সুযোগ–সুবিধার জন্য অভ্র সফটওয়্যার তরবণ সমাজের কাছে এত বেশি জনপ্রিয়।

**প্রশ্ন ॥ ৩ ॥ ডকুমেন্ট সম্পাদনা কী? ডকুমেন্ট সম্পাদনার যে কোনো দুইটি কাজ বর্ণনা কর।**

**উত্তর : ডকুমেন্ট সম্পাদনা :** যে প্রক্রিয়া অনুসরণ করে একটি ডকুমেন্টের ভুলভ্রান্তিগুলো ঠিক করা হয় সেই কাজটিকে বলা হয় সম্পাদনা। ডকুমেন্ট সম্পাদনার ৰেত্রে বিভিন্ন ধরনের কাজ করা হয়। নিচে এরূ প দুইটি কাজের বর্ণনা দেওয়া হলো :

**নির্বাচন করা :** সম্পাদনার বিভিন্ন কাজে অনেক সময় ডকুমেন্টের কোনো অৰর, শব্দ, বাক্য বা কোনো অংশকে নির্বাচন করতে হয়। নির্বাচন করার জন্য কারসরকে নির্ধারিত জায়গার শুরবতে নিতে হবে। এরপর শিফট কী চেপে ধরে ডান এ্যারো (Shift →) কী চেপে নির্ধারিত কোনো অৰর, শব্দ, বাক্য বা কোনো অংশকে নির্বাচন করতে হয়।

**ডিলিট বা মুছে ফেলা :** ডকুমেন্টের কোনো অৰর, শব্দ, বাক্য বা কোনো অংশকে মুছে ফেলতে হলে কী–বোর্ডের Delete বা Del কী ব্যবহার করা হয়। যা মুছে ফেলতে চাই প্রথমে তা নির্বাচন করতে হবে। তারপর Delete বা Del বা BACKSPACE কি চাপলে নির্বাচিত অংশ মুছে যাবে।

**প্রশ্ন ॥ ৪ ॥ কাট, কপি, পেস্ট করার নিয়ম লেখ।**

**উত্তর : কাট (Cut) :** অনেক সময় ডকুমেন্টের কোনো অৰর, শব্দ, বাক্য বা কোনো অংশকে এক জায়গা থেকে অন্য জায়গায় সরাতে হলে প্রথমে ঐ অৰর, শব্দ, বাক্য বা অংশকে নির্বাচন করে কাটার জন্য কী–বোর্ডের Ctrl এবং x কী একসাথে চাপতে হয় (Ctrl x)।

**কপি (Copy) :** অনেক সময় ডকুমেন্টের কোনো অৰর, শব্দ, বাক্য বা কোনো অংশের অনুলিপি বা কপি করে এক জায়গা থেকে অন্য জায়গায় নিতে হয়। এজন্য প্রথমে ঐ অৰর, শব্দ, বাক্য বা অংশকে নির্বাচন করে কী–বোর্ডের Ctrl এবং c কী একসাথে চাপতে হয় (Ctrl c)।

**পেস্ট (Paste) :** পেস্ট শব্দের আৰরিক অর্থ হলো আঠা লাগানো। কাট বা কপি করার পরের কাজ হলো নির্বাচিত অৰর, শব্দ, বাক্য বা অংশকে নির্ধারিত স্থানে পেস্ট করা। এজন্য কাট বা কপি কমান্ড ব্যবহার করার পর কারসরকে নির্ধারিত স্থানে নিয়ে Ctrl এবং v কী একসাথে চাপতে হবে (Ctrl v)।

**প্রশ্ন ॥ ৫ ॥ ডকুমেন্ট ফরম্যাটিং কী? ডকুমেন্ট ফরম্যাটিংয়ের যে কোনো দুইটি কাজ বর্ণনা কর।**

**উত্তর : ডকুমেন্ট ফরম্যাটিং :** ডকুমেন্ট তৈরি ও সম্পাদনার কাজ শেষ হলে ডকুমেন্টকে একটু সাজাতে হয়। এতে ডকুমেন্টটি দেখতে সুন্দর হয়। এ কাজটাকে বলে ডকুমেন্ট ফরম্যাটিং।

নিচে দুইটি গুরবত্বপূর্ণ কাজ বর্ণনা করা হলো :

**অক্ষর বা লেখার আকার ছোট বা বড় করা :** ডকুমেন্টের যে অংশের অৰর বা লেখার আকার পরিবর্তন করতে হবে প্রথমে তা নির্বাচন করতে হবে। তারপর যে কোনো ওয়ার্ড প্রসেসরে টুলবার বা রিবনে ফন্টের নামের পাশে যে সংখ্যাটি থাকে তা পরিবর্তন করতে হবে। আকার বড় করতে হলে সংখ্যাটি বাড়াতে হবে এবং ছোট করতে হলে সংখ্যাটি কমাতে হবে। কী–বোর্ডের সাহায্যেও কাজটি সহজে করা যায়।

| যা করতে চাই | যে কা ব্যবহার করতে হবে |
|---|---|
| লেখার আকার ১ পয়েন্ট বড় করতে | Ctrl ] |
| লেখার আকার ১ পয়েন্ট ছোট করতে | Ctrl [ |

**অক্ষর বা লেখার আকার বোল্ড, ইটালিক বা আন্ডারলাইন করা :** ডকুমেন্টের যে অংশের অৰর বা লেখার আকার পরিবর্তন করতে হবে প্রথমে তা নির্বাচন করতে হবে। তারপর যে কোনো ওয়ার্ড প্রসেসরে টুলবার বা রিবনে ফন্টের নামের পাশে B, I, U থাকে তাতে মাউস ক্লিক করতে হবে। কী–বোর্ডের সাহায্যেও কাজটি সহজে করা যায়।

| যা করতে চাই | যে কী ব্যবহার করতে হবে |
|---|---|
| লেখা বোল্ড করতে | Ctrl B |
| লেখা ইটালিক করতে | Ctrl I |
| লেখা আন্ডারলাইন করতে | Ctrl U |

**প্রশ্ন ॥ ৬ ॥ ডকুমেন্টের এলাইনমেন্ট করার নিয়ম বর্ণনা কর।**

**উত্তর :** কোনো ডকুমেন্টের প্যারাগ্রাফ মার্জিনের কোন দিকে মিশে থাকবে তা এলাইনমেন্টের দ্বারা নির্ধারণ করা হয়। সাধারণত প্যারাগ্রাফের এলাইনমেন্ট বামদিকে থাকে। প্যারাগ্রাফের এলাইনমেন্ট চার ধরনের হতে পারে। বামদিক থেকে, ডানদিক থেকে, মাঝ বরাবর অথবা সবদিকে সমান (জাস্টিফাইড) প্যারাগ্রাফ এলাইন করা যায়। কোনো প্যারাগ্রাফের এলাইনমেন্ট পরিবর্তন করতে হলে প্রথমে তা নির্বাচন করতে হয়। তারপর  এই আইকনগুলোতে মাউস ক্লিকের মাধ্যমে এলাইনমেন্ট করা হয়।

**কা–বোর্ড শর্টকাট**

| যা করতে চাই | যে কা ব্যবহার করতে হবে |
|---|---|

| | |
|---|---|
| বাম দিকে এলাইন | Ctrl l |
| ডান দিকে এলাইন | Ctrl r |
| মাঝখানে এলাইন | Ctrl e |
| জাস্টিফাইড এলাইন | Ctrl j |

**প্রশ্ন ॥ ৭ ॥ ডকুমেন্ট কীভাবে মুদ্রণ করা যায়?**

**উত্তর :** ডকুমেন্ট মুদ্রণের জন্য নিম্ন লিখিত জিনিসগুলো প্রয়োজন–

* কম্পিউটারের সাথে যথাযথভাবে সংযুক্ত একটি প্রিন্টার।
* প্রিন্টারের জন্য দরকারি সফটওয়্যার।
* উপযুক্ত সাইজের কাগজ।

উলিরখিত জিনিসগুলো যদি যথাস্থানে সঠিকভাবে থাকে তাহলে Print আইকনে মাউস ক্লিক করলে সঙ্গে সঙ্গে মুদ্রণের কাজ শুরব হয়ে যাবে। কী–বোর্ডের Ctrl ও P এই কিদ্বয় এক সাথে চেপেও কম্পিউটারকে মুদ্রণের নির্দেশ দেওয়া যায়।

**প্রশ্ন ॥ ৮ ॥ ডকুমেন্ট ব্যবস্থাপনা কী? ডকুমেন্ট ব্যবস্থাপনার কাজগুলো বর্ণনা কর।**

**উত্তর : ডকুমেন্ট ব্যবস্থাপনা :** ডকুমেন্ট ব্যবস্থাপনা হলো কোনো ডকুমেন্ট তৈরি করার পর তাকে এমনভাবে সংরবণ করা যাতে এটি হারিয়ে না যায় এবং ভবিষ্যতে প্রয়োজনের সময় সহজে খুঁজে পাওয়া যায়।

**ডকুমেন্ট ব্যবস্থাপনার কাজসমূহ :** সাধারণভাবে যেকোনো ডকুমেন্ট সংরবণ করলে সেটি মাই ডকুমেন্ট ফোল্ডারে সংরবিত (Save) হয়। কিন্তু সেখানে অনেকের কাজের মাঝে আমাদের করা ডকুমেন্টটি মিশে থাকবে। প্রয়োজনের সময় ডকুমেন্টটি পাওয়া কঠিন হয়ে যাবে। এজন্য যে কাজগুলো করতে হবে তা নিচে বর্ণনা করা হলো :

ক. মাই ডকুমেন্ট ফোল্ডার খুলে তার মধ্যে একটি নতুন ফোল্ডার খুলতে হবে।

খ. প্রাথমিকভাবে ফোল্ডারটির নাম নিউ ফোল্ডার লেখা থাকবে। এটিকে নিজের মতো করে নামকরণ করতে হবে। (নিজের নাম অথবা তারিখ অনুযায়ী ফোল্ডারের নামকরণ করা যায়।)

গ. তৈরি করা ডকুমেন্টটি সংরবণের জন্য কম্পিউটারকে নির্দেশ দিলে যে ডায়লগ বক্স আসবে সেখানে ফোল্ডারটি মাউসের ডাবল ক্লিক করার মাধ্যমে খুলে তারপর সংরবণ করতে হবে।

ঘ. ডকুমেন্ট সংরবণের সময় কাজের ধরন অনুযায়ী ডকুমেন্টের নামকরণ কর। এতে ডকুমেন্টটি সহজেই খুঁজে বের করা যাবে।